দৈনিক ইত্তেফাক

13

তারিখ ... ... ...SEP. 12.1999
পৃষ্ঠা ৩ কলাম ৬

# শিক্ষাদান করা গেলে নিরক্ষর মানুষ অধিকার সচেতন হইয়া উঠিতে পারিবে

—তাসমিমা হোসেন

পিরোজপুর অফিস ও ভাণ্ডারিয়া সংবাদদাতা ঃ সংসদ সদস্য ও অনন্যা সম্পাদক বেগম তাসমিমা হোসেন বলিয়াছেন, মানুষের উন্নয়নের জন্য তাহাদের শিক্ষার উন্নয়ন সাধন করা প্রয়োজন। সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচী সফল করার মাধ্যমে মানুষকে মৌলিক শিক্ষায় শিক্ষিত করিয়া তুলিতে হইবে। তিনি গতকাল (শনিবার) বিকালে ভাণ্ডারিয়া থানা পরিষদ মিলনায়তনে সার্বিক সাক্ষরতা আন্দোলন কর্মসূচী 'শিক্ষা দীপ্ত পিরোজপুরের' পাইলট প্রজেক্টের উদ্বোধনকালে আরও বলেন, ১১ হইতে ৪৫ বৎসর বয়স্ক নিরক্ষর মানুষকে প্রয়োজনীয় সাধারণ শিক্ষাদান করা গেলে তাহারা অধিকার সচেতন হইয়া উঠিতে পারিবে। এই কর্মসূচী বাস্তবায়নে স্থানীয় জনপ্রতিনিধিসহ সর্বস্তরের নাগরিকদের বিশেষ সহযোগিতা প্রয়োজন। উপ-আনুষ্ঠানিক শিক্ষা কার্যক্রম সরকারের অতি গুরুত্বপূর্ণ ও উত্তম পদক্ষেপ। সরকার অগ্রাধিকারের ভিত্তিতে সর্বোচ্চ ব্যয় বরাদ্দের মাধ্যমে এই কর্মসূচী বাস্তবায়নে তৎপর। এই সুবিধার সদ্ব্যবহারের মাধ্যমে দেশের দরিদ্র ও নিরক্ষর লোকজনকে শিক্ষিত ও সচেতন করিয়া তুলিতে হইবে। তাসমিমা হোসেন বলেন, বিশেষ করিয়া মহিলা সমিতিকে বিশেষ ভূমিকা গ্রহণের মাধ্যমে এই কার্যক্রম সফল করিয়া তুলিতে হইবে। তিনি ভাণ্ডারিয়ায় সার্বিক সাক্ষরতা আন্দোলন বাস্তবায়নে মহিলা সমিতিসমূহকে পুরস্কৃত করার কথা ঘোষণা করেন। ভাণ্ডারিয়ার ২৫ হাজার নিরক্ষর নারী-পুরুষকে এই প্রজেক্টের আওতায় আনিয়া ৩টি ইউনিয়নে ১০টি কেন্দ্র চালু করা হইয়াছে।

টিএনও মাহমুদুল হকের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় পিরোজপুরের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) শেখ মোঃ রজব আলী, মোঃ মনিরুজ্জামান নাসিম, ইউপি চেয়ারম্যান আক্তারুজ্জামান দুলাল, গোলাম সরোয়ার জমাদ্দার, খান এনায়েত করিম, মোঃ হামিম হাসান, হীরামন বিশ্বাস প্রমুখ বক্তব্য রাখেন। পরে তাসমিমা হোসেন ভাণ্ডারিয়া সদর ইউনিয়নের মধ্য ভাণ্ডারিয়ায় মহিলা প্রশিক্ষণ কেন্দ্র ও গৌরীপুর ইউনিয়নের শ্রীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে একটি পুরুষ প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধন করেন।

এই উপলক্ষে ভাণ্ডারিয়ার চমক শিল্পীগোষ্ঠী সার্বিক সাক্ষরতা আন্দোলনের উপর জারি গান পরিবেশন করে। শশাঙ্কশেখর চক্রবর্তী ও শ্যামল কুমার মালিসহ অন্যান্য শিল্পী গান পরিবেশন করেন।